

# India assumes G20 Presidency

December 01, 2022

## ভারত জি20 -র সভাপতিত্বের দায়িত্বভার গ্রহণ করল

ডিসেম্বর 01, 2022

আজ এক ঐতিহাসিক ক্ষণে ভারত ইন্দোনেশিয়ার হাত থেকে জি20-সভাপতিত্বের ভার আনুষ্ঠানিকভাবে গ্রহণ করল। জি20 বা গ্রুপ অব টুয়েন্টি হল বিশ্বের 20টি প্রধান উন্নত এবং উন্নতশীল অর্থনীতির দেশের একটি আন্তঃসরকারি ফোরাম, যা একে আন্তর্জাতিক অর্থনৈতিক সহযোগিতার একটি মুখ্য ফোরামে পরিণত করেছে।

2. এই অনুষ্ঠান উপলক্ষে প্রধানমন্ত্রী জি20 সভাপতিত্বে ভারতের দৃষ্টিভঙ্গির উপরে একটি প্রবন্ধ রচনা করেছেন। এটি বিশ্ব জুড়ে প্রকাশিত হয়েছে। প্রধান মন্ত্রী তার প্রবন্ধে বলেছেন যে, ভারত একটি নিরাময়, সম্প্রীতি এবং আশার সভাপতিত্বের দিকে উন্মুখ হয়ে আছে।

3. ভারতের সভাপতিত্বের একটি মুখ্য উপাদান হবে জি20-কে জনগণের আরও নিকটে নিয়ে যাওয়া এবং এটিকে প্রকৃত অর্থে 'জনগণের জি20' হিসেবে তৈরি করা। এটি উপলব্ধি করার জন্য সারা বছর ধরে বিভিন্ন জন ভাগিদারী কার্যক্রমের মাধ্যমে নাগরিকদের জড়িত থাকার এবং বিশাল সংখ্যার জনগণের অংশগ্রহণের পরিকল্পনা করা হয়েছে।

4. ভারতের সভাপতিত্বের প্রথম দিনটিকে চিহ্নিত করে রাখতে বিভিন্ন ক্রিয়াকর্মের পরিকল্পনা করা হয়েছে। আজ সকালে একটি বিশেষ বিশ্ববিদ্যালয় সংযোগ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছিল, যেখানে সারা দেশ জুড়ে 75টি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ভার্চুয়ালি একত্রিত হয়েছিল। অনুষ্ঠানে বিশিষ্ট বক্তাদের মধ্যে ছিলেন বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শংকর এবং প্রধানমন্ত্রীর প্রধান সচিব শ্রী পি.কে.মিশ্র। বিশ্ববিদ্যালয় সংযোগ অনুষ্ঠানটির লক্ষ্য ছিল জি20 ক্রিয়াকর্মে যুবদের সামিল করা। স্কুলের ছাত্রছাত্রীরাও বিভিন্ন স্কুলে বিশেষ জি20 অধিবেশনের মাধ্যমে জড়িত ছিল।

5. জনগণের অংশগ্রহণকে আরও এগিয়ে নিয়ে গিয়ে আজ কোহিমাতে হর্নবিল উৎসব জি20 উপরে বিশেষ নজর ফেলেছে। কয়েকটি ইউনেস্কো হেরিটেজ স্থান সহ একশতটি স্মৃতিসৌধকে আজ আলকমালায় সজ্জিত করা হয়েছে এবং এইসব আলোকোজ্জ্বল স্মৃতিসৌধকে ঘিরে আমার সরকার-এর উপরে একটি সেলফি প্রচারে অংশগ্রহণ করার জন্য নাগরিকদের আমন্ত্রণ জানানো হয়েছে। বালুকা শিল্পী শ্রী

সুদর্শন পটনায়েক ওড়িশার সমুদ্র তটে ভারতের জি20-র লোগোর একটি বালুকা মূর্তি তৈরি করেছেন।

6. সাম্প্রতিক কালে প্রধানমন্ত্রী দ্বারা চালু করা জি20 ওয়েবসাইটটি বাধাহীনভাবে আজ g20.org ডোমেইনে চলে যাবে এবং ভারত পূর্বতন সভাপতিত্বের কাছ থেকে টুইটার হ্যান্ডেল @g20org সহ সরকারি স্পেশ্যাল মিডিয়া হ্যান্ডেলটি গ্রহণ করেছে।

7. জি20 থিম ‘বসুধৈব কুটুম্বকম’ এবং ‘এক পৃথিবী এক পরিবার এক ভবিষ্যৎ’ দ্বারা অনুপ্রাণিত হয়ে ভারত 50টি শহর জুড়ে 32টি বিভিন্ন ওয়ার্কস্ট্রিমে 200টির বেশী বৈঠকের আয়োজন করবে এবং জি 20 প্রতিনিধি এবং অতিথিদের ভারতের সমৃদ্ধশালী সাংস্কৃতিক ঐতিহ্যকে পরিদর্শন করার সুযোগ করে দেবে ও তাদের একটি অন্যান্য ভারতীয় অভিজ্ঞতা প্রদান করবে।

নিউ দিল্লি

ডিসেম্বর 01, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.